দৈনিক সংবাদ

তারিখ ... JAN 3 ... 1999 ...
পৃষ্ঠা ... ? ... কলাম ... ? ...

135

# সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে বই বিতরণ আজ শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ রোববার থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে বিনামূল্যে বই বিতরণ কার্যক্রম শুরু হচ্ছে।

সারাদেশে থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের তত্ত্বাবধানে একযোগে আনুষ্ঠানিকভাবে বই বিতরণ কার্যক্রম শুরু হবে। জেলা প্রশাসন কর্মকর্তা, শিক্ষা কর্মকর্তা প্রমুখ বই বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

শিক্ষা মন্ত্রী এ এইচ এস কে সাদেক আজ রোববার সকালে ময়মনসিংহে বিভিন্ন

বই ঃ পৃঃ ৭ কঃ ৪

## বই ঃ বিতরণ শুরু

( ১ম পৃষ্ঠার পর )

বিদ্যালয়ে বই বিতরণ কার্যক্রম উদ্বোধন করবেন।

নারায়ণগঞ্জে কুতুব আইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ কার্যক্রম উদ্বোধন করবেন জেলা প্রশাসক আবদুর রহমান। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সুলতান মিয়া অনুষ্ঠানে বিশেষ অতিথি থাকবেন।